## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর,
৯/ডি, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।

আদেশ নং ৮৫৭

# অফিস আদেশ

তারিখ- ০১/৮/২০০৬

সমবায় অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সমবায় সমিতি আইন ও বিধিমালার আওতায় ন্যস্ত দায়িত্ব সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য নিম্নোক্ত তফশিল মোতাবেক সমবায় সমিতি আইন ২০০১ (১লা ডিসেম্বর/০২ পর্যন্ত সংশোধিত) এর ৭ ধারার ক্ষমতা অর্পণ করা হ'ল। সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এই আদেশের আলোকে এবং সরকারী নীতি ও বিভিন্ন বিষয়ে প্রচলিত বিধি-বিধান অনুসারে কার্যাবলী সম্পাদন করবেন।

**৭ ধারায় ক্ষমতা অর্পণ তফশিল**

| ক্রমিক নং | কর্মকর্তার শ্রেণী | যে পর্যায়ের সমিতির উপর ক্ষমতা প্রয়োগ করা যাবে | প্রয়োগ ক্ষমতা |
|---|---|---|---|
| ১. | যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর | ক) সকল প্রকার কেন্দ্রীয় সমিতি | ৭ ধারায় ক্ষমতা অর্পণ ও ৩৫ ধারার শর্ত অনুযায়ী অনুমতি প্রদান ব্যতিত অন্যান্য সকল ক্ষমতা |
| | | খ) প্রাথমিক ও জাতীয় সমিতি | আইনের ৪৮ ধারায় নিজ অধিক্ষেত্রে প্রাথমিক ও জাতীয় সমিতি পরিদর্শন |
| | উপ-নিবন্ধক (বিচার) | প্রাথমিক সমবায় সমিতি | ২২(৫) ধারায় আপীল, ৫০ ধারায় দেয়া সালিসের রায়ের বিরুদ্ধে আপীল ও ৫৩ ধারায় অবসায়ন কিংবা নিবন্ধন বাতিল আদেশের বিরুদ্ধে আপীল গ্রহণ ও নিষ্পত্তি |
| ৩. | জেলা সমবায় অফিসার | ক) সকল প্রকার প্রাথমিক সমিতি | ৭ ধারায় ক্ষমতা অর্পণ ও ৩৫ ধারার শর্ত অনুযায়ী অনুমতি প্রদান ব্যতিত অন্যান্য সকল ক্ষমতা |
| | | খ) কেন্দ্রীয় সমিতি | I) ৪৩ ধারায় অডিট বরাদ্দ, ১২৪ বিধিমূলে অডিট সেস ধার্য ও আদায়,<br>II) ৩০ বিধিমূলে বাজেট অনুমোদন,<br>III) ১৬ বিধিমূলে নির্বাচন কমিটি গঠন<br>IV) ৪৮ ধারায় সমিতি পরিদর্শন। |
| ৪. | উপজেলা/থানা সমবায় অফিসার | প্রাথমিক সমিতি | I) বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের অধীন সংগঠিত সমবায় সমিতি ১০ ধারায় নিবন্ধন<br>II) ৪৩ ধারায় এক লক্ষ টাকা পর্যন্ত শেয়ার মূলধন বিশিষ্ট প্রাথমিক সমিতির অডিট বরাদ্দ (নিজ নাম ব্যতিত), ১২৪ বিধিমূলে অডিট সেস ধার্য ও আদায়<br>III) পঞ্চাশ হাজার টাকা পর্যন্ত শেয়ার মূলধনবিশিষ্ট সমিতির ১৮ ধারায় অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি ও ১৬ বিধিমূলে নির্বাচন কমিটি গঠন<br>৪৮ ধারায় সমিতি পরিদর্শন |

১. জেলা এবং উপজেলা/থানা সমবায় অফিসারকে ক্ষমতা অর্পণ সত্ত্বেও কেন্দ্রীয় সমিতির উপর বিভাগীয় যুগ্ম/নিবন্ধকের এবং প্রাথমিক সমিতির উপর জেলা সমবায় অফিসারের সকল ক্ষমতা প্রয়োগের এখতিয়ার বহাল থাকবে এবং নিবন্ধক (অতিরিক্ত নিবন্ধকসহ), বিভাগীয় যুগ্ম নিবন্ধক ও জেলা সমবায় অফিসারগণ যথাক্রমে জাতীয় সমিতি, কেন্দ্রীয় সমিতি ও প্রাথমিক সমিতির ক্ষেত্রে সমবায় সমিতি আইন ২০০১ এর বিধিবদ্ধ প্রশাসক হিসেবে দায়িত্ব পালন করবেন।

২. সমবায় সমিতির আইন ২০০১ এর ৭ ধারায় ক্ষমতা অর্পণ এবং ৩৫ ধারার ক্ষমতা প্রয়োগের এখতিয়ার নিবন্ধকের নিকট সংরক্ষিত থাকবে।

৩. উপরে উল্লেখিত ক্ষমতা অর্পণ সত্ত্বেও নিবন্ধক, সমবায় অধিদপ্তর কর্তৃক সমবায় সমিতি আইন ২০০১ এর সকল ক্ষমতা প্রয়োগের এখতিয়ার সংরক্ষণ এবং প্রয়োজনবোধে তফশিলে উল্লিখিত যে কোন ক্ষমতা পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন করতে পারবেন।

উক্ত আদেশ জারির ফলে ক্ষমতা অর্পণ সংক্রান্ত অত্র দপ্তরের আদেশ নং- সঅ/অডিট ও আইন/ক্ষমতা অর্পণ-১৮৪, তারিখ ০১/০৬/২০০৩ইং বাতিল হিসেবে গণ্য হবে। উহা জনস্বার্থে জারি করা হ'ল এবং অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত (খন্দকার মিজানুর রহমান)
নিবন্ধক
ফোন ঃ ৯৫৬৪৫৯৫।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর,
৯/ডি, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।

নং-সঅ/অডিট ও আইন/ক্ষমতা অর্পন-০৩/০৩- ৩৭৮ তারিখঃ ১৩/৯/০৩ইং।

## সংশোধিত অর্পণ আদেশ

সমবায় অধিদপ্তরের স্মারক নং-সঅ/অডিট ও আইন/ক্ষমতা অর্পন-০৩/০৩-৩৫৭ তারিখ ৩১/৮/০৩ইং মূলে জারীকৃত অফিস আদেশের অন্যান্য সকল বিষয়াদি অপরিবর্তিত রেখে ১নং অনুচ্ছেদ নিম্নোক্তভাবে সংশোধন করা হ'ল-

**"জেলা এবং উপজেলা / থানা সমবায় অফিসারকে ক্ষমতা অর্পণ সত্বেও কেন্দ্রীয় সমিতির উপর যুগ্ম-নিবন্ধকগণ এবং প্রাথমিক সমিতির উপর জেলা সমবায় অফিসারগণ প্রয়োজনীয় ক্ষেত্রে লিখিতভাবে সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক ক্ষমতা প্রয়োগ করতে পারবেন এবং নিবন্ধক (অতিরিক্ত নিবন্ধকসহ), বিভাগীয় যুগ্ম-নিবন্ধক ও জেলা সমবায় অফিসারগণ যথাক্রমে জাতীয় সমিতি, কেন্দ্রীয় সমিতি ও প্রাথমিক সমিতির ক্ষেত্রে সমবায় সমিতি আইন'২০০১ এর বিধিবদ্ধ প্রশাসক হিসেবে দায়িত্ব পালন করবেন"।**

এ আদেশ জনস্বার্থে জারী করা হ'ল এবং উহা ৩১/৮/০৩ইং তারিখ হতে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-(খন্দকার নিজানুর রহমান)
নিবন্ধক
ফোনঃ ৯৫৬৪৫৯৫।

স্মারক নং- সঅ/অডিট ও আইন/ক্ষমতা অর্পন-০৩/০৩- ৩৭৮(১০০০) তারিখঃ- ১৩/০৯/২০০৩ইং

অনুলিপি সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হ'লঃ

১. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২. নিবন্ধক; সমবায় অধিদপ্তর,ঢাকা।
৩. অতিরিক্ত নিবন্ধক................................ সমবায় অধিদপ্তর,ঢাকা।
৪. অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী,কুমিল্লা।
৫. যুগ্ম-নিবন্ধক/উপ-নিবন্ধক/সহকারী নিবন্ধক................................সমবায় অধিদপ্তর,ঢাকা।
৬. যুগ্ম-নিবন্ধক/উপ-নিবন্ধক/সহকারী নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর........................
৭. জেলা সমবায় অফিসার........................
৮. অধ্যক্ষ, আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউট ..........................
৯. উপজেলা/থানা সমবায় অফিসার.......
১০. গার্ড ফাইল।
১১.

(মোঃ আবু তাহের চৌধুরী)
উপ-নিবন্ধক(নিরীক্ষা ও আইন)
ফোন ঃ ৯৫৫৬৭৫২।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর,
৯/ডি, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।

নং -সঅ/অডিট ও আইন/ক্ষমতা অর্পন-০৩/০৩-৩৫৭ তারিখঃ ৩১/৮/০৩ইং

## অফিস আদেশ

সমবায় অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সমবায় সমিতি আইন ও বিধিমালার আওতায় ন্যস্ত দায়িত্ব সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য নিম্নোক্ত তফশীল মোতাবেক সমবায় সমিতি আইন'২০০১ (১লা ডিসেম্বর/০২ পর্যন্ত সংশোধিত) এর ৭ ধারার ক্ষমতা অর্পন করা হ'ল। সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এই আদেশের আলোকে এবং সরকারী নীতি ও বিভিন্ন বিষয়ে প্রচলিত বিধি-বিধান অনুসারে কার্যাবলী সম্পাদন করবেন।

### ৭ ধারার ক্ষমতা অর্পণ তফশীল

| ক্রমিক নং | কর্মকর্তার শ্রেনী | যে পর্যায়ের সমিতির উপর ক্ষমতা প্রয়োগ করা যাবে | প্রয়োগ ক্ষমতা |
|---|---|---|---|
| ১. | যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর | (ক) সকল প্রকার কেন্দ্রীয় সমিতি | ৭ধারায় ক্ষমতা অর্পন ও ৩৫ ধারার শর্ত অনুযায়ী অনুমতি প্রদান ব্যতিত অন্যান্য সকল ক্ষমতা |
| | | (খ) প্রাথমিক ও জাতীয় সমিতি | আইনের ৪৮ ধারায় নিজ অধিক্ষেত্রে প্রাথমিক ও জাতীয় সমিতি পরিদর্শন |
| ২. | উপ -নিবন্ধক(বিচার) | প্রাথমিক সমবায় সমিতি | ২২(৫) ধারায় আপীল,৫০ধারায় দেয়া শালিসের রায়ের বিরুদ্ধে আপীল ও ৫৩ ধারায় অবসায়ন কিংবা নিবন্ধন বাতিল আদেশের বিরুদ্ধে আপীল গ্রহণ ও নিষ্পত্তি |
| ৩. | জেলা সমবায় অফিসার | (ক) সকল প্রকার প্রাথমিক সমিতি | ৭ ধারায় ক্ষমতা অর্পন ও ৩৫ ধারার শর্ত অনুযায়ী অনুমতি প্রদান ব্যতিত অন্যান্য সকল ক্ষমতা |
| | | (খ) কেন্দ্রীয় সমিতি | i)৪৩ ধারায় অডিট বরাদ্দ,১২৪ বিধিমুলে অডিট সেস ধার্য ও আদায়, <br>ii) ৩০ বিধিমুলে বাজেট অনুমোদন, <br>iii) ১৬ বিধিমুলে নির্বাচন কমিটি গঠন <br>iv) ৪৮ ধারায় সমিতি পরিদর্শন |
| ৪. | উপজেলা/থানা সমবায় অফিসার | প্রাথমিক সমিতি | i) বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের অধীন সংগঠিত সমবায় সমিতি ১০ ধারায় নিবন্ধন <br>ii) ৪৩ ধারায় এক লক্ষ টাকা পর্যন্ত শেয়ার মুলধন বিশিষ্ট প্রাথমিক সমিতির অডিট বরাদ্দ (নিজ নাম ব্যাতিত), ১২৪ বিধিমুলে অডিট সেস ধার্য ও আদায় <br>iii) পঞ্চাশ হাজার টাকা পর্যন্ত শেয়ার মুলধন বিশিষ্ট সমিতির ১৮ ধারায় অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি ও ১৬ বিধিমুলে নির্বাচন কমিটি গঠন <br>iv) ৪৮ ধারায় সমিতি পরিদর্শন |

১. জেলা এবং উপজেলা / থানা সমবায় অফিসারকে ক্ষমতা অর্পণ সত্ত্বেও কেন্দ্রীয় সমিতির উপর বিভাগীয় যুগ্মনিবন্ধকের এবং প্রাথমিক সমিতির উপর জেলা সমবায় অফিসারের সকল ক্ষমতা প্রয়োগের এখতিয়ার বহাল থাকবে এবং নিবন্ধক (অতিরিক্ত নিবন্ধকসহ), বিভাগীয় যুগ্ম-নিবন্ধক ও জেলা সমবায় অফিসারগণ যথাক্রমে জাতীয় সমিতি,কেন্দ্রীয় সমিতি ও প্রাথমিক সমিতির ক্ষেত্রে সমবায় সমিতি আইন'২০০১ এর বিধিবদ্ধ প্রশাসক হিসেবে দায়িত্ব পালন করবেন।

২.সমবায় সমিতির আইন'২০০১ এর ৭ ধারায় ক্ষমতা অর্পন এবং ৩৫ ধারার ক্ষমতা প্রয়োগের এখতিয়ার নিবন্ধকের নিকট সংরক্ষিত থাকবে।

৩. উপরে উল্লেখিত ক্ষমতা অর্পন সত্ত্বেও নিবন্ধক, সমবায় অধিদপ্তর কর্তৃক সমবায় সমিতি আইন'২০০১ এর সকল ক্ষমতা প্রয়োগের এখতিয়ার সংরক্ষণ এবং প্রয়োজনবোধে তফসীলে উল্লিখিত যে কোন ক্ষমতা পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন করতে পারবেন।

উক্ত আদেশ জারীর ফলে ক্ষমতা অর্পন সংক্রান্ত অত্র দপ্তরের আদেশ নং - সঅ/অডিট ও আইন/ক্ষমতা অর্পন-১৮৪,তারিখ ০১/৬/২০০৩ইং বাতিল হিসেবে গণ্য হবে। উহা জনস্বার্থে জারী করা হ'ল এবং অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/--(খন্দকার বিজানুর রহমান)
নিবন্ধক
ফোনঃ ৯৫৬৪৫৯৫।

স্মারক নং- সঅ/অডিট ও আইন/ক্ষমতা অর্পন-০৩/০৩-৩৫৭/১(১০০০) তারিখঃ-৩১/৮/২০০৩ইং।

অনুলিপি সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'লঃ

১. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২. নিবন্ধক, সমবায় অধিদপ্তর,ঢাকা।
৩. অতিরিক্ত নিবন্ধক.................................... সমবায় অধিদপ্তর,ঢাকা।
৪. অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী,কুমিল্লা।
৫. যুগ্ম-নিবন্ধক/উপ-নিবন্ধক/সহকারী নিবন্ধক.................................সমবায় অধিদপ্তর,ঢাকা।
৬. যুগ্ম-নিবন্ধক/উপ-নিবন্ধক/সহকারী নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর....................
৭. জেলা সমবায় অফিসার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
৯/ডি, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।

নং- সঅ/অডিট ও আইন/ ক্ষমতা অর্পণ- ১৮৪ তারিখঃ- ০১.০৬.২০০৩ইং

## -অফিস আদেশ-

সমবায় সমিতি আইন'২০০১ (১লা ডিসেম্বর ২০০২ পর্যন্ত সংশোধিত) এর ৭ ধারার ক্ষমতা অনুযায়ী সমবায় অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সমবায় সমিতি আইন ও বিধির আওতায় ন্যস্ত দায়িত্ব সুষ্ঠুভাবে সম্পাদনের সুবিধার্থে নিম্নবর্নিত তফসীলের শর্তসাপেক্ষে অর্পণ করা হ'ল। ক্ষমতাপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এই আদেশের আলোকে এবং সরকারী নীতি ও বিভিন্ন বিষয়ে প্রচলিত বিধি/বিধান অনুসারে কার্যাবলী সম্পাদন করবেন।

২. উক্ত আদেশ জারীর ফলে ক্ষমতা অর্পণ সংক্রান্ত অত্র দপ্তরের জারীকৃত বিজ্ঞপ্তি নং- সঅ/অডিট ও আইন/ক্ষমতা অর্পণ-৪৪৯ তাং- ৯/১০/২০০২ইং সংশোধিত হিসেবে গন্য হবে।

৩. উহা জনস্বার্থে জারী করা হ'ল এবং তাৎক্ষনিকভাবে কার্যকর হবে।

সংযুক্তি ঃ- (বর্ননামতে ক্ষমতা অর্পণ তফসীল)।

স্বাক্ষরিত/=(মোঃ আশরাফ আলী)
নিবন্ধক
ফোন : ৯৫৬৪৫৯৫(অফিস)

স্মারক নং- সঅ/অডিট ও আইন/ ক্ষমতা অর্পণ-১৮৪/১(১০০০) তারিখঃ- ০১.০৬.২০০৩ইং

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে বিতরন ঃ

১. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. নিবন্ধক, সমবায় অধিদপ্তর, ঢাকা।
৩. অতিরিক্ত নিবন্ধক ..............................., সমবায় অধিদপ্তর, ঢাকা।
৪. অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লা।
৫. যুগ্মনিবন্ধক/ উপনিবন্ধক/সহকারী নিবন্ধক............................... সমবায় অধিদপ্তর, ঢাকা।
৬. যুগ্মনিবন্ধক/ উপ-নিবন্ধক/ সহকারী নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, ......................
৭. জেলা সমবায় অফিসার, ................................
৮. অধ্যক্ষ, আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট.................
৯. উপজেলা/ থানা সমবায় অফিসার...
১০. ..................
১১. গার্ড ফাইল।

(মো: আবু তাহের চৌধুরী)
উপনিবন্ধক(নিরীক্ষা ও আইন)
ফোনঃ ৯৫৫৬৭৫২(অফিস)

## সমবায় অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তাগনকে সমবায় সমিতি আইন ও বিধির ক্ষমতা অর্পণ।

| ক্র: নং | কাজের প্রকৃতি | অর্পিত ক্ষমতার পর্যায় | | | |
|---|---|---|---|---|---|
| | | যুগ্ম-নিবন্ধক | উপ-নিবন্ধক (বিচার) | জেলা সমবায় অফিসার | উপজেলা সমবায় অফিসার |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। | সমবায় সমিতি নিবন্ধন ও উপ-আইন সংশোধন | কেন্দ্রীয় সমবায় সমিতি | × | প্রাথমিক সমবায় সমিতি (পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক সংগঠিত সমিতি ব্যতিত) | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক সংগঠিত প্রাথমিক সমবায় সমিতি |
| ২। | ১৮ ধারা অনুযায়ী অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন | × | × | কেন্দ্রীয় সমবায় সমিতি | প্রাথমিক সমবায় সমিতি |
| ৩। | ২২ ধারা অনুযায়ী অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন | কেন্দ্রীয় সমবায় সমিতি | × | প্রাথমিক সমবায় সমিতি | × |
| ৪। | ৪৩ ধারা অনুযায়ী অডিট বরাদ্দ (সমবায় বিভাগীয় কর্মচারীদের মধ্যে) | × | × | (১) কেন্দ্রীয় সমবায় সমিতি (২) প্রাথমিক সমবায় সমিতি (উপজেলা সমবায় অফিসারসহ জেলাপুলের কর্মচারীদের মধ্যে | প্রাথমিক সমবায় সমিতি (নিজ নাম ব্যাতিত অধীনস্থ কর্মচারীদের মধ্যে) |
| ৫। | ৪৩ ধারা অনুযায়ী অডিট বরাদ্ধ (অর্থ সরবরাহকারী সংস্থার কর্মচারী কিংবা অন্য ব্যক্তিদের মধ্যে) | × | × | নিবন্ধকের পূর্বানুমোদন সাপেক্ষে কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতি | × |
| ৬। | অডিট ফি ধার্য ও আদায় | × | × | কেন্দ্রীয় সমবায় সমিতি | প্রাথমিক সমবায় সমিতি |
| ৭। | অডিট ফি মওকুফ | কেন্দ্রীয় সমবায় সমিতি | × | প্রাথমিক সমবায় সমিতি | × |
| ৮। | ৪৮ ধারা অনুযায়ী পরিদর্শন | কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতি | কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতি | কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতি | প্রাথমিক সমবায় সমিতি |
| ৯। | ৪৯ ধারায় তদন্তের আদেশ দান | কেন্দ্রীয় সমবায় সমিতি | × | প্রাথমিক সমবায় সমিতি | × |
| ১০। | নিরীক্ষা ও তদন্তের ভিত্তিতে ২২ ধারা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ | কেন্দ্রীয় সমবায় সমিতি | × | প্রাথমিক সমবায় সমিতি | × |
| ১১। | ৫০(৩) ধারা অনুযায়ী বিরোধ নিস্পত্তির জন্য সালিসকারী | × | কেন্দ্রীয় সমবায় সমিতি | প্রাথমিক সমবায় সমিতি | × |
| ১২। | ৫০(৪) ধারা অনুযায়ী আপীল কর্তৃপক্ষ | × | প্রাথমিক সমবায় সমিতি | × | × |
| ১৩। | ৫৩ ধারা অনুযায়ী অবসায়নের আদেশ দান | কেন্দ্রীয় সমবায় সমিতি | × | প্রাথমিক সমবায় সমিতি | × |
| ১৪। | ৬৩ ধারা অনুযায়ী বিক্রয় কর্মকর্তা নিয়োগসহ এতদ সংশ্লিষ্ট ধারা সমুহের ক্ষমতা প্রয়োগ | কেন্দ্রীয় সমবায় সমিতি | × | প্রাথমিক সমবায় সমিতি | × |
| ১৫। | ৮৩ ধারায় সুনির্দিষ্টভাবে তদন্ত করা | কেন্দ্রীয় সমবায় সমিতি (যুগ্ম-নিবন্ধক স্বয়ং নিজে তদন্ত করবেন) | × | প্রাথমিক সমবায় সমিতি (জেলা সমবায় অফিসার স্বয়ং নিজে তদন্ত করবেন) | × |
| ১৬। | সমবায় বিধিমালা ১৯৮৭ এর ১৬নং বিধি মোতাবেক নির্বাচন কমিটি নিয়োগ | × | × | (ক) কেন্দ্রীয় সমবায় সমিতি (খ) একলক্ষ টাকার অধিক পরিশোধিত মুলধন বিশিষ্ট প্রাথমিক সমবায় সমিতি | ২৫ হাজার টাকার উর্দ্ধে এক লক্ষ টাকা পর্যন্ত প্রাথমিক সমবায় সমিতি। |
| ১৭। | সমবায় বিধিমালা ১৯৮৭ এর ৩০(১)নং বিধির প্রভিশো মোতাবেক আয় ব্যয়ের বার্ষিক বাজেট প্রাক্কলন অনুমোদন | × | × | কেন্দ্রীয় সমবায় সমিতি | × |
| ১৮। | সমবায় বিধিমালা ১৯৮৭ এর ৪৮ | প্রাথমিক ও কেন্দ্রীয় | × | প্রাথমিক ও কেন্দ্রীয় সমবায় | × |

১। সমবায় সমিতি আইন'২০০১ এর ১০ ধারা অনুযায়ী নিবন্ধন নামঞ্জুর ও ২২ ধারা অনুযায়ী ব্যবস্থাপনা কমিটি ভংগকরণ, দোষী সদস্যের বহিস্কার ইত্যাদির ক্ষেত্রে জেলা সমবায় অফিসার ও বিভাগীয় যুগ্ম-নিবন্ধক কর্তৃক গৃহীত ব্যবস্থায় সংক্ষুব্ধ পক্ষ যথাক্রমে বিভাগীয় যুগ্ম-নিবন্ধক ও নিবন্ধক বরাবরে সংশ্লিষ্ট আইনের বিধান মোতাবেক আপীল করতে পারবেন। ৫০ ধারা অনুযায়ী কেন্দ্রীয় সমবায় সমিতির সালিসকারী হিসেবে উপ-নিবন্ধক(বিচার) কর্তৃক প্রদত্ত রায়ের বিরুদ্ধে আপীল নিবন্ধক বরাবরে দাখিল করতে হবে।

২। সমবায় আইন ও বিধি অনুযায়ী জারীকৃত কোন আদেশে সংক্ষুব্ধ পক্ষ আপীল করতে পারবেন কিনা এবং পারলে কত দিনের মধ্যে কার বরাবরে আপীল করা যাবে উহা আদেশে উল্লেখ করতে হবে।

৩। বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর সমর্থনপুষ্ঠ ইউসিসিএ ও ইউবিসিএ সমূহের সদস্যভূক্ত প্রাথমিক সমবায় সমিতির অডিট বরাদ্ধ ক্ষমতা সংশ্লিষ্ট পল্লী উন্নয়ন / প্রকল্প কর্মকর্তা এবং দি-কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ (কাল্‌ব) এর সদস্যভুক্ত প্রাথমিক সমবায় সমিতির অডিট বরাদ্ধ ক্ষমতা উল্লিখিত প্রতিষ্ঠানের মহাব্যবস্থাপকের অনুকূলে অর্পণ করা হ'ল।

৪। সমবায় সমিতি বিধি ১৯৮৭ এর ৪৮ নং বিধির শর্ত মোতাবেক যে কোন শ্রেণীর সমবায় সমিতির পাঁচকোটি টাকার উর্ধ্বে বিনিয়োগ এবং সমবায় সমিতি আইন/২০০১ এর ৩৫ ধারায় শর্ত মোতাবেক বিক্রয়, বিনিময় বা ইজারা দানের ক্ষেত্রে নিবন্ধকের অনুমতি প্রয়োজন হবে।

৫। তফসিলে বর্ণিত ক্ষমতা অর্পণের শর্ত পালন সাপেক্ষে জেলা সমবায় অফিসার প্রাথমিক সমবায় সমিতির এবং বিভাগীয় যুগ্ম-নিবন্ধক কেন্দ্রীয় সমবায় সমিতির প্রশাসক হিসেবে অন্যান্য সকল ক্ষমতা প্রয়োগ করতে এবং প্রয়োজন বোধে যথোপযুক্ত অধঃস্তন কর্মকর্তাকে আইনানুগ ক্ষমতা প্রয়োগ করার কিংবা ক্ষমতা অনুযায়ী কার্য সম্পাদন করার নির্দেশ লিখিতভাবে দিতে পারবেন। তবে শর্ত থাকে যে, সমবায় অধিদপ্তরের সদর কার্যালয়ে ন্যস্ত কোন প্রাথমিক ও কেন্দ্রীয় সমিতির ক্ষেত্রে এই ক্ষমতা প্রযোজ্য হবে না।

৬। বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, জেলা সমবায় অফিসার, উপজেলা সমবায় অফিসার কিংবা উল্লিখিত পদসমূহে চলতি দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগনের ক্ষেত্রে উল্লিখিত ক্ষমতা অর্পণ প্রযোজ্য হবে। অন্যান্য ক্ষেত্রে (ভারপ্রাপ্ত কিংবা সাময়িকভাবে পদস্থ) কর্মকর্তাকে উল্লেখিত ক্ষমতা প্রয়োগের ক্ষেত্রে নিবন্ধক, সমবায় অধিদপ্তর হতে ৭ ধারা মোতাবেক লিখিতভাবে ক্ষমতাপ্রাপ্ত হতে হবে। মহানগর এলাকার থানা সমবায় অফিস সমূহের ক্ষেত্রে উল্লিখিত ক্ষমতা সংশ্লিষ্ট জেলা সমবায় অফিসার প্রয়োগ করিবেন।

উপরোল্লিখিত ক্ষমতা অর্পণ সত্ত্বেও নিবন্ধক, সমবায় অধিদপ্তর, সমবায় আইন ও বিধির সকল ক্ষমতা প্রয়োগ করার এবং প্রয়োজনবোধে তফসীল অনুযায়ী অর্পিত যে কোন ক্ষমতা পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোঃ আশরাফ আলী)
নিবন্ধক
ফোন : ৯৫৬৪৫৯৫(অফিস)